

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৫২.১৬-০৪৩৭

তারিখঃ ২৭.০৮.২০১৭ খ্রিঃ।

বিষয়: নলী জয়নগর কাদেরিয়া দাখিল মাদরাসার “নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর” পদে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২) এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪), তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রিঃ।

(২) নলী জয়নগর কাদেরিয়া দাখিল মাদ্রাসার ১৭.০৮.২০১৭ খ্রিঃ তারিখের আবেদন। প্রাপ্ত ২২.০৮.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার মঠ বাড়িয়া উপজেলার নলী জয়নগর কাদেরিয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারক মূলে তাঁর মাদ্রাসায় “নিম্নমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর” পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালক (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) এর প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করা হয়েছে।

০২. উপরিউক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (১) নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নরূপে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করা হলো:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	ডিজি মহোদয়ের প্রতিনিধি
০১.	নলী জয়নগর কাদেরিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: মঠ বাড়িয়া, জেলা: পিরোজপুর। মোবাইল নং- ০১৭১৮-০৭২৫২৯	০১। “নিম্নমান সহকারী কাম- কম্পিউটার অপারেটর”	জনাব মোহাম্মদ শামসুজ্জামান উপ-পরিচালক (অর্থ) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল:-০১৭১১০৫৬৮৭৬

শর্তাবলী :

- (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রিঃ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- (২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
- (৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলেখন ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুলেখন মোতাবেক প্যারটার্নভুক্ত শ্রমপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
- (৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলেখন: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কামা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
- (৫) মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুলেখন: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূঙ্খানুপূঙ্খরূপে অনুসরণ করতে হবে।
- (৬) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
- (৭) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সন্নিবেশিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।
- (৮) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
- (৯) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পূঙ্খানুপূঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১০) “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

বিতরণ:

- ১। জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সুপার
নলী জয়নগর কাদেরিয়া দাখিল মাদরাসা।
ডাকঘর: নলী গোলবুনিয়া, উপজেলা: মঠ বাড়িয়া, জেলা: পিরোজপুর।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা। (দু:আ:-সিনি: সহ:সচিব (মাদ্রাসা-২))
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মঠ বাড়িয়া।
৪. অফিস কপি।

(কে, এম, কওসার আলী)

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং-৯৩৩০২১৬

ই-মেইল dgdmbe@gmail.com